

নদী, তোর সঙ্গে

নদী আমার ঘর ভেঙেছে, চোখ ঢেকেছে বানে,  
নদীপ্রধান জীবন তবু নদীরই মাঝখানে—  
ডাকে আমায়; ফের বেঁধে দেয় ব-দ্বীপে ঘরবাড়ি  
আবার যাতে জোছনা রাতে নাও ভাসাতে পারি।  
চূর্ণ করে দেওয়াল আমার ঘূর্ণী ফ্রোতের টানে  
পূর্ণ আষাঢ় মাসেই নদী ছোবল দিতে জানে।  
শুকনো জমি যাচ্ছে ভেসে, জমছে বুক পলি  
নদীর কাছে স্বভাবদোষে নদীর কথা বলি।  
এই নদীটা দুঃস্থ নদী, ওই নদীটা ভালো  
চোখ ছুঁয়ো না জলে নদী, ফসলে জল ঢালো।  
নদীর সঙ্গে ভাব হয়ে যায়, নদীর সাথে আড়ি  
ব-দ্বীপ জুড়ে নেচে বেড়া নদী হতচ্ছাড়ি।

মুক্তিপ্রকাশ রায়

